# ২০২৩-২৪ ঢাবি খ ইউনিটের ভর্তি পরীক্ষায় ০৮টি সাম্প্রতিক প্রশ্নের ০৭টিই কমন পড়েছে 'সাম্প্রতিক ক্যাপসুল' থেকে। নিচে চিত্রসহ প্রমাণ-

| | |
|---|---|
| **বঙ্গবন্ধু টানেল**<br>▪ প্রকল্পের নাম- বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান টানেল।<br>▪ অবস্থান- পতেঙ্গা ও আনোয়ারা, চট্টগ্রাম।<br>▪ মূল টানেলের দৈর্ঘ্য- ৩.৩২ কিলোমিটার (৩৩১৫ মিটার)।<br><br> | 'সাম্প্রতিক ক্যাপসুল-২'<br>পৃষ্ঠা নং- ২৪ |
| ♦ আয়তন- ২ লাখ ৩০ হাজার বর্গমিটার (৩ তলা টার্মিনাল ভবন)।<br>♦ নকশাকার- সিঙ্গাপুরের চাঙ্গি বিমানবন্দরের নকশাকার স্থপতি রোহানি বাহারিন।<br>♦ বিশেষত্ব- বিশ্বের একমাত্র বিমানবন্দর যেটিতে মুভিং ওয়াকওয়ে স্থাপন করা হয়েছে। | 'সাম্প্রতিক ক্যাপসুল-২'<br>পৃষ্ঠা নং- ১৭ |
| ২০ টাঙ্গাইলের পোড়াবাড়ির চমচম<br>২১ বাংলাদেশ ব্ল্যাক বেঙ্গল ছাগল | 'সাম্প্রতিক ক্যাপসুল-৩'<br>পৃষ্ঠা নং- ০৭ |
| ♦ বিশ্বের বৃহত্তম পাটকল 'আকিজ জুট মিলস' অবস্থিত- মুকসুদপুর, গোপালগঞ্জ।<br>♦ জাতিসংঘ বাংলাদেশের কমিউনিটি ক্লিনিককে স্বীকৃতি প্রদান করে- 'দ্য শেখ হাসিনা ইনিশিয়েটিভ' হিসেবে।<br>♦ বাংলাদেশে প্রথমবারের মতো সমুদ্রে বায়ুবিদ্যুৎ কেন্দ্র নির্মিত হবে- কক্সবাজারে সাগরের ভিতরে (অফশোর)। | 'সাম্প্রতিক ক্যাপসুল-২'<br>পৃষ্ঠা নং- ২৬ |
| ইসরায়েলে হামাসের অভিযান। হামাস এ অভিযানের নাম দেয় 'অপারেশন আল-আকসা ফ্লাড'। অন্যদিকে হামাসের সামরিক<br><br>হামাসের হামলার প্রেক্ষিতে গাজায় হামাসের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করে ইসরায়েল। গাজায় পরিচালিত ইসরায়েলের | 'সাম্প্রতিক ক্যাপসুল-১'<br>পৃষ্ঠা নং- ০৩ |
| ♦ জাতীয় অর্থনৈতিক পরিষদ দেশের ইতিহাসে সবেচেয়ে উচ্চাকাঙ্ক্ষী ও দীর্ঘমেয়াদী যে পরিকল্পনাটি গ্রহণ করেছে- বাংলাদেশ বদ্বীপ মহাপরিকল্পনা- ২১০০।<br>♦ বদ্বীপ পরিকল্পনা-২১০০ যে দেশের সহায়তায় বাস্তবায়ন করা হবে- নেদারল্যান্ডস। | জোবায়ের'স GK<br>সমসাময়িক বিষয়াবলি<br>পৃষ্ঠা নং- ৩১ |
| গণতন্ত্র সূচক-২০২২ — নরওয়ে<br>বিশ্ব মুক্ত গণমাধ্যম সূচক-২০২৩ — নরওয়ে | 'সাম্প্রতিক ক্যাপসুল-৪'<br>পৃষ্ঠা নং- ১৭ |

* সাম্প্রতিক যে প্রশ্নটি কমন পড়েনি- ২০২৩ সালের জন্য জাতিসংঘ ঘোষিত [illegible] উত্তর: সমরখন্দ

* বেসিকের বাকি ২২টি প্রশ্নের ২২টি-ই কমন পড়েছে 'জোবায়ের'স GK' থেকে।






২০২৩-২৪ ঢাবি খ ইউনিটের ভর্তি পরীক্ষায় ৩০[illegible]টিই কমন পড়েছে জোবায়ের'স GK ও সাম্প্রতিক ক্যাপসু[illegible] পরীক্ষার পরপরই আমাদের ফেসবুক পেজে ছবিসহ প্রমাণ দিয়ে পোস্ট করা হয়েছে। প্রমাণসহ পোস্টটি দেখতে স্ক্যান করুন-


CamScanner

# নোবেল পুরস্কার-২০২৪

নোবেল পুরস্কার বিজয়ীদের নাম ঘোষণা করা হয় প্রতিবছর অক্টোবর মাসের ১ম সোমবার থেকে। ২০২৪ সালে নোবেল পুরস্কার লাভ করেন ১১ জন ব্যক্তিত্ব (১০ জন পুরুষ ও ১ জন নারী) এবং ১টি সংগঠন। প্রতিটি নোবেল পুরস্কারের অর্থমূল্য ১ কোটি ১০ লাখ সুইডিশ ক্রোনা (১২ কোটি ৮০ লাখ টাকা)। **৬টি বিষয়ে নোবেল বিজয়ীরা হলেন-**

## শান্তি


- **শান্তিতে বিজয়ী- 'নিহন হিদানকায়ো'** নামক সংগঠন।
- **অবদান-** "পরমাণু অস্ত্রমুক্ত একটি বিশ্ব গড়ার প্রচেষ্টা এবং পরমাণু অস্ত্র আর কখনো ব্যবহার করা যে উচিত নয়, সেটি প্রত্যক্ষদর্শীর সাক্ষ্যের মাধ্যমে তুলে ধরার জন্য" সংগঠনটিকে এই পুরস্কার দেওয়া হয়।
- **নিহন হিদানকায়ো-** জাপানের পরমাণু অস্ত্রবিরোধী সংগঠন।
- **সংগঠনটি প্রতিষ্ঠিত হয়-** ১০ আগস্ট, ১৯৫৬।



নিহন হিদানকায়ো সংগঠনটির প্রতীক

*জাপানের হিরোশিমা ও নাগাসাকি শহরে পারমাণবিক বোমা হামলার পর বেঁচে যাওয়া ব্যক্তিদের নিয়ে সংগঠনটি গঠিত হয়।*

## সাহিত্য



- **সাহিত্যে বিজয়ী-** হান কাং (দক্ষিণ কোরিয়া)।
- **অবদান-** "গভীর কাব্যিক গদ্য, যা ঐতিহাসিক আঘাতগুলোকে উন্মোচন করে এবং মানবজীবনের ভঙ্গুরতাকে সামনে আনে"-এই অনন্য লেখনীশৈলীর জন্য তাকে এ সম্মাননা দেওয়া হয়।
- ২০১৬ সালে যে গ্রন্থের জন্য 'আন্তর্জাতিক বুকার পুরস্কার' লাভ করেন- The Vegetarian (গ্রন্থটি কোরিয়ান ভাষা থেকে ইংরেজি ভাষায় অনুবাদ করেন ব্রিটিশ অনুবাদক দেবোরাহ স্মিথ)।
- সাহিত্যে নোবেল জয়ী এশিয়ার প্রথম নারী লেখক।
- হান কাং রচিত উল্লেখযোগ্য গ্রন্থ-
  - The Vegetarian
  - Human Acts
  - The White Book
  - Greek Lessons
  - We Do Not Part
  - Love in Yeosu (১ম উপন্যাস)

## অন্যান্য বিষয়ে নোবেল পুরস্কার পেলেন যারা

| বিষয় | বিজয়ী ব্যক্তিত্ব | যে অবদানের কারণে পুরস্কার লাভ করেন |
|---|---|---|
| অর্থনীতি | ▪ ড্যারন অ্যাসেমোগ্লু (তুরস্ক-যুক্তরাষ্ট্র)<br>▪ সাইমন জনসন (যুক্তরাষ্ট্র)<br>▪ জেমস এ. রবিনসন (যুক্তরাষ্ট্র) | কীভাবে প্রতিষ্ঠান গঠিত হয় এবং সমৃদ্ধিতে প্রভাব ফেলে তা নিয়ে গবেষণার জন্য। |
| চিকিৎসা | ▪ ভিক্টর অ্যামব্রোস (যুক্তরাষ্ট্র)<br>▪ গ্রে রুভকুন (যুক্তরাষ্ট্র) | মাইক্রোআরএনএ আবিষ্কার এবং জিন নিয়ন্ত্রণে ট্রান্সক্রিপশন পরবর্তী ভূমিকা বিষয়ক গবেষণার জন্য। |
| পদার্থ | ▪ জন জে. হোপফিল্ড (যুক্তরাষ্ট্র)<br>▪ জিওফ্রে ই. হিন্টন (কানাডা) | কৃত্রিম নিউরাল নেটওয়ার্কের মাধ্যমে মেশিন লার্নিং সম্ভবপর করে তোলার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ আবিষ্কার ও উদ্ভাবনের জন্য। |
| রসায়ন | ▪ ডেভিড বেকার (যুক্তরাষ্ট্র)<br>▪ ডেনিস হ্যাসাবিস (যুক্তরাজ্য)<br>▪ জন এম. জাম্পার (যুক্তরাষ্ট্র) | 'কম্পিউটেশনাল প্রোটিন ডিজাইনের জন্য' ডেভিড বেকারকে এবং 'প্রোটিন গঠনের পূর্বাভাসের জন্য' যৌথভাবে ডেনিস হ্যাসাবিস ও জন এম. জাম্পারকে। |

CamScanner

## পাকিস্তানের বিপক্ষে বাংলাদেশের ঐতিহাসিক টেস্ট সিরিজ জয়

পাকিস্তানের বিপক্ষে প্রথমবারের মতো বাংলাদেশ টেস্ট ম্যাচে জয়লাভ করে ২৫ আগস্ট, ২০২৪। পরবর্তীতে ৩ সেপ্টেম্বর, ২০২৪ দ্বিতীয় টেস্ট ম্যাচটিতে জিতে টেস্ট সিরিজ জয়লাভ করে বাংলাদেশ। এই সিরিজে বাংলাদেশ টিম পাকিস্তানের বিপক্ষে টেস্ট ইতিহাসে প্রথমবারের মতো ১০ উইকেটে জয়লাভ করে; উইকেটের বিচারে টেস্টে এটিই বাংলাদেশের সর্বোচ্চ জয়।

### বিদেশের মাটিতে বাংলাদেশের ৩ টেস্ট সিরিজ জয়

৩য়




৩ সেপ্টেম্বর, ২০২৪ পাকিস্তানকে টেস্ট সিরিজে হারায় বাংলাদেশ। এ নিয়ে বিদেশের মাটিতে ৩য় বারের মতো টেস্ট সিরিজ জয়লাভ করে বাংলাদেশ। এটি একই সাথে পাকিস্তানের বিপক্ষে বাংলাদেশের ১ম টেস্ট সিরিজ জয়।

২য়



২০২১ সালে জিম্বাবুয়ের বিপক্ষে টেস্ট জিতে বিদেশের মাটিতে দ্বিতীয় টেস্ট সিরিজ জয়লাভ করে বাংলাদেশ।

১ম



২০০৯ সালে ওয়েস্ট ইন্ডিজের বিপক্ষে বিদেশের মাটিতে প্রথম টেস্ট সিরিজ জয়লাভ করে বাংলাদেশ।

### পাকিস্তানের বিপক্ষে সিরিজ জয়ে বাংলাদেশের যত কীর্তি

- এখন পর্যন্ত বাংলাদেশ মোট টেস্ট সিরিজ জয়লাভ করে- ৯টি।
- বাংলাদেশ বিদেশের মাটিতে মোট টেস্ট সিরিজ জয়লাভ করে- ৩টি।
- পাকিস্তানকে হারিয়ে যততম দলের বিপক্ষে টেস্ট জিতল বাংলাদেশ- ৯ম।
- ২৩ সেপ্টেম্বর, ২০২৪ পর্যন্ত বাংলাদেশ মোট যতগুলো টেস্ট ম্যাচে জয়লাভ করেছে- ২১টি।
- বাংলাদেশ এখন পর্যন্ত টেস্ট ক্রিকেটে জয় পায়নি- ভারত ও দক্ষিণ আফ্রিকার বিপক্ষে।
- বাংলাদেশের একমাত্র ব্যাটসম্যান হিসেবে টেস্টে পাকিস্তানের বিপক্ষে একাধিক সেঞ্চুরির কৃতিত্ব- লিটন দাসের (২টি)।
- আন্তর্জাতিক ক্রিকেটে বাঁ-হাতি স্পিনারদের মধ্যে সর্বোচ্চ উইকেট শিকারি- সাকিব আল হাসান (৭০৭)।

## ২০২৪ সাফ অনূর্ধ্ব-২০ চ্যাম্পিয়ন বাংলাদেশ

- আয়োজন- দ্বিতীয়; আয়োজক- South Asian Football Federation (SAFF).
- সময়কাল- ১৮-২৮ আগস্ট, ২০২৪।
- স্বাগতিক- নেপাল; ভেন্যু- আনফা কমপ্লেক্স, ললিতপুর (নেপাল)।
- মোট দল- ৬টি (বাংলাদেশ, ভারত, নেপাল, ভুটান, শ্রীলংকা ও মালদ্বীপ)।
- চ্যাম্পিয়ন- বাংলাদেশ (প্রথমবার); রানার্স আপ- নেপাল।
- সেরা গোলকিপার- মোহাম্মদ আসিফ (বাংলাদেশ)।
- সর্বোচ্চ গোলদাতা- মিরাজুল ইসলাম (৪ গোল; বাংলাদেশ)।
- টুর্নামেন্ট সেরা- মিরাজুল ইসলাম (বাংলাদেশ)।
- ফেয়ার প্লে ট্রফি- নেপাল।




ফাইনালে স্বাগতিক নেপালকে ৪-১ গোলের বড় ব্যবধানে পরাজিত করে চ্যাম্পিয়ন হয় বাংলাদেশ। বাংলাদেশের পক্ষে জোড়া গোল করেন মিরাজুল ইসলাম।

CamScanner

# ২০২৪ সাফ অনূর্ধ্ব-১৭ চ্যাম্পিয়ন ভারত

- **২০২৪ সাফ অনূর্ধ্ব-১৭ চ্যাম্পিয়নশিপ অনুষ্ঠিত হয়-** ২০ সেপ্টেম্বর - ৩০ সেপ্টেম্বর, ২০২৪।
- **স্বাগতিক-** ভুটান; **ভেন্যু-** চাংলিমিথাং স্টেডিয়াম (থিম্পু, ভুটান)।
- **মোট দল-** ৭টি (বাংলাদেশ, ভুটান, ভারত মালদ্বীপ, নেপাল, পাকিস্তান ও শ্রীলংকা)।
- **একমাত্র বাংলাদেশি রেফারি-** মোঃ সাইমুন হাসান সানি।
- **সেরা খেলোয়াড়-** মোহাম্মদ আরবাশ (ভারত)।
- **শীর্ষ গোলদাতা-** সুজন ডাঙ্গোল (৪টি গোল, নেপাল)।
- **সেরা গোলরক্ষক-** অহিবাম সুরজ সিং (ভারত)।





*ফাইনালে বাংলাদেশকে ২-০ গোলে হারিয়ে অনূর্ধ্ব-১৭ সাফ চ্যাম্পিয়ন ভারত।*

## বেসিক তথ্যে সাফ অনূর্ধ্ব-১৭ চ্যাম্পিয়নশিপ


- **পরিচয়-** দক্ষিণ এশীয় ফুটবল ফেডারেশন (সাফ) সদস্যদের অনূর্ধ্ব-১৭ দলসমূহের মধ্যে অনুষ্ঠিত বার্ষিক ফুটবল প্রতিযোগিতা।
- **প্রথম অনুষ্ঠিত হয়-** নেপালে (২০১১ সালে)।
- **চালু করেন-** কাজী সালাউদ্দিন (বাংলাদেশ)।

| ম্যাচ | আয়োজক | চ্যাম্পিয়ন | রানার্স-আপ |
|---|---|---|---|
| ২০১১ (প্রথম) | নেপাল | পাকিস্তান | ভারত |
| ২০২৪ (নবম) | ভুটান | ভারত | বাংলাদেশ |




Zubair's GK English Version

জোবায়ের'স সিরিজের
" Zubair's GK (English Version)"
বইটি সারাদেশে পাওয়া যাচ্ছে....




BUP তে ভর্তির জন্য গাইড
স্মার্ট কার্ড

BUP'র সর্বোচ্চ প্রস্তুতির জন্য
জোবায়ের'সর সিরিজের **SMART CARD**
বইটি সারাদেশে পাওয়া যাবে
২০ অক্টোবর থেকে।

বই ২টি ঘরে বসে সহজে পেতে অর্ডার করুন-
rokomari.com 01519521971 (Whatsapp) অথবা mamunbooks.com (01914-950420)

# জুলাই গণঅভ্যুত্থান

## বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন

- **'বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন' হলো-** সাধারণ শিক্ষার্থীদের একটি সংগঠন।
- **ইংরেজি নাম-** Anti-Discrimination Students Movement.
- **নেতৃত্ব দেয়-** কোটা সংস্কার আন্দোলন ও অসহযোগ আন্দোলনে (অর্থাৎ ২৪'র গণঅভ্যুত্থানে)।
- **গঠিত হয়-** ১ জুলাই, ২০২৪।

### বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের উল্লেখযোগ্য সমন্বয়ক


নাহিদ ইসলাম


আসিফ মাহমুদ


হাসনাত আবদুল্লাহ


সারজিস আলম


আরিফ সোহেল


মাহমুদ রাফি

## কোটা সংস্কার আন্দোলন

- **শুরু হয়-** ৬ জুন, ২০২৪।
- **শেষ হয়-** ৩ আগস্ট, ২০২৪।
- **কারণ-** সরকারি চাকরিতে প্রচলিত কোটাভিত্তিক নিয়োগ ব্যবস্থার সংস্কার।

### আলোচিত অন্যতম ৩ নারী সমন্বয়ক


নুসরাত তাবাসসুম


উমামা ফাতেমা


রাফিয়া রেহনুমা

**নোট:** *২০১৮ সালের সরকারি পরিপত্রকে বেআইনি ঘোষণার মাধ্যমে বাংলাদেশ হাইকোর্ট কর্তৃক সরকারি চাকরিতে পূর্বেকার কোটাব্যবস্থা পুনর্বহাল করার প্রেক্ষিতে এ আন্দোলনের সূচনা হয়।*

### আন্দোলনের কয়েকজন শহিদ

আন্দোলনের প্রথম শহিদ আবু সাঈদ রংপুরের বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগের শিক্ষার্থী ছিলেন।


আবু সাঈদ

আন্দোলনের দ্বিতীয় শহিদ ওয়াসিম আকরাম চট্টগ্রাম কলেজের সমাজবিজ্ঞান বিভাগের ছাত্র ছিলেন।


ওয়াসিম আকরাম

আলোকচিত্রী শহিদ তাহির জামান প্রিয় ঢাকার গ্রিন রোডে গুলিবিদ্ধ হয়ে শহিদ হন।


তাহির জামান প্রিয়

শহিদ মীর মাহফুজুর রহমান মুগ্ধ খুলনা বিশ্ববিদ্যালয়ের গণিত বিভাগের ছাত্র ছিলেন।


মীর মুগ্ধ

রেসিডেনসিয়াল মডেল কলেজের একাদশ শ্রেণির ছাত্র শহিদ ফারহান ফাইয়াজ ধানমন্ডিতে পুলিশের গুলিতে শহিদ হন।


ফারহান ফাইয়াজ

আন্দোলনে আরো শহিদ হন মো. ফারুক, ফয়সাল আহমেদ শান্ত, মো. শাহজাহান, দিপ্ত দে, দুলাল মাতবর, মো. জিল্লুর শেখ, শাইখ আশহাবুল ইয়ামিন, রিয়া গোপ, সাফকাত সামির, তাহমিদ তামিম, মো. ইমন মিয়াসহ ১৫৮১ জন। *[সর্বশেষ তথ্য: ২৮ সেপ্টেম্বর, ২০২৪]*

CamScanner

## যেভাবে ১ দফা দাবির সূচনা হয়




ব্যাপক হত্যাকাণ্ড, হাজারো ছাত্র-জনতা আহত হওয়া ও গণগ্রেফতারের প্রেক্ষিতে ১ আগস্টকে সামনে রেখে বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলন ৩১ জুলাই 'রিমেম্বারিং আওয়ার হিরোজ' ও '৯ দফা' ঘোষণা করে।




৩ আগস্ট সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনা আন্দোলনকারী শিক্ষার্থীদের আলোচনার প্রস্তাব দিলে তা প্রত্যাখান করে ছাত্রদের প্রতিনিধিত্বকারী সমন্বয়করা।




আওয়ামী সরকারের রেখে যাওয়া বিদেশি ঋণের পরিমাণ ১০৩.৭৯ বিলিয়ন ডলার (১০ হাজার ৩৭৯ কোটি) টাকা।




৩ আগস্ট ছাত্রদের দাবির সঙ্গে সংহতি জানাতে ঢাকার কেন্দ্রীয় শহিদ মিনারে লাখো মানুষ সমবেত হয়। এ সময় সরকারের পদত্যাগের '১ দফা' দাবিতে উত্তাল হয় সারা বাংলাদেশ।



সরকার পদত্যাগের এক দফা দাবিতে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের ডাকা সর্বাত্মক অসহযোগ কর্মসূচির প্রথম দিনে (৪ আগস্ট) সারাদেশে ব্যাপক সংঘর্ষ হয়। এরই পরিপ্রেক্ষিতে সমন্বয়করা সারাদেশে নাগরিকদের 'মার্চ টু ঢাকা' কর্মসূচির আহ্বান জানায়।



৫ আগস্ট প্রধানমন্ত্রী শেখ হাসিনা পদত্যাগ করে দেশ ত্যাগ করলে লাখো মানুষ প্রধানমন্ত্রীর কার্যালয়ে ঢুকে পড়ে।

## এক নজরে অসহযোগ আন্দোলন

- **পরিচিত-** এক দফা আন্দোলন নামেও।
- **সময়কাল-** ৪-৫ আগস্ট, ২০২৪।
- **'লং মার্চ টু ঢাকা' অনুষ্ঠিত হয়-** ৫ আগস্ট, ২০২৪।
- **কারণ-** কোটা সংস্কার আন্দোলনের হত্যাকাণ্ড।
- **লক্ষ্য-** সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও তার মন্ত্রিসভার পদত্যাগ।
- **৫ আগস্ট পতন হয়-** ১৬ বছর ক্ষমতায় থাকা সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার।

**সম্প্রতি টাইম ম্যাগাজিনের ১০০ উদীয়মান প্রভাবশালীর তালিকায় স্থানপ্রাপ্ত বাংলাদেশি নাহিদ ইসলাম।**

# ২৪'র গণঅভ্যুত্থানের ধারাবাহিক টার্মিনোলজি





**গণপদযাত্রা | ১৪ জুলাই**

অসংখ্য মানুষ যখন কোনো দাবি দাওয়ার প্রেক্ষিতে পদযাত্রায় অংশ নেয় তখন তাকে গণপদযাত্রা (Mass Walking) বলে।




**বাংলা ব্লকেড | ৭-১২ জুলাই**

সারা দেশে কলেজ-বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের ক্লাস-পরীক্ষা বর্জন, নিজ নিজ শহরের বিভিন্ন গুরুত্বপূর্ণ পয়েন্ট অবরোধ করাকে বাংলা ব্লকেড (Bengal Blockade) নাম দেওয়া হয়।




**কমপ্লিট শাটডাউন | ১৮-২২ জুলাই**

কমপ্লিট শাটডাউন (Complete Shut-down) বলতে 'সর্বাত্মক অবরোধ' বোঝায়। এ কর্মসূচি চলাকালে শুধু হাসপাতাল ও জরুরি সেবা ছাড়া কোনো প্রতিষ্ঠানের দরজা খোলে না, অ্যাম্বুলেন্স ছাড়া সড়কে কোনো গাড়ি চলে না।




**মার্চ ফর জাস্টিস | ৩১ জুলাই**

মার্চ ফর জাস্টিস (March for Justice) এমন একটি কর্মসূচি যা মানবাধিকার, সামাজিক ন্যায়বিচার এবং আইনি সংস্কার নিশ্চিতের জন্য পালন করা হয়।





**রিমেম্বারিং আওয়ার হিরোস | ১ আগস্ট**

সারা দেশে ছাত্র-জনতার ওপর গণহত্যা, গণগ্রেপ্তারসহ বিভিন্ন দাবি আদায়ের লক্ষ্যে পালন করা হয় রিমেম্বারিং আওয়ার হিরোস (Remembering Our Heroes) কর্মসূচি।




**দ্রোহ যাত্রা কর্মসূচি | ১ আগস্ট**

জাতীয় প্রেস ক্লাবের সামনে 'দ্রোহ যাত্রা' (Drohayatra Programme) নামে 'বিক্ষুব্ধ নাগরিক সমাজ' এর ব্যানারে একটি সমাবেশ ও মিছিল অনুষ্ঠিত হয়।





**অসহযোগ আন্দোলন | ৩ আগস্ট**

অসহযোগ আন্দোলন বলতে সর্বক্ষেত্রে সরকারকে অসহযোগিতা করার আন্দোলনকে বোঝায়। ৩ আগস্ট, ২০২৪ থেকে অনির্দিষ্টকালের জন্য অসহযোগ আন্দোলনের (Non-Cooperation Movement) ডাক দেওয়া হয়। অসহযোগ আন্দোলনের রূপরেখা ছিল কোনো ধরনের ট্যাক্স, বিল ইত্যাদি পরিশোধ না করা এবং সকল ধরনের সরকারি বেসরকারি প্রতিষ্ঠান ও গণপরিবহন বন্ধ রাখা ইত্যাদি।




**রেজিস্ট্যান্স উইক | ১৩ আগস্ট**

১৩ আগস্ট, ২০২৪ থেকে চার দফা দাবিতে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের ব্যানারে সারাদেশে সপ্তাহব্যাপী নানান কর্মসূচির মাধ্যমে পালন করা হয় রেজিস্ট্যান্স উইক।




অপরাধী আটক করতে কোনো এলাকা ঘেরাও করে বাড়ি বাড়ি তল্লাশি চালানোকে পুলিশের ভাষায় ব্লক রেইড (Block Raid) বলে।




**মার্চ টু ঢাকা | ৫ আগস্ট**

বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের নেতারা সারা দেশের ছাত্র-নাগরিক-শ্রমিকদের ঢাকায় আসার আহ্বান জানান। যাকে বলা হয় মার্চ টু ঢাকা।




**৫ আগস্ট**

৩৬ জুলাই বলতে ২০২৪ সালের ৫ আগস্টকে নির্দেশ করে। বৈষম্যবিরোধ ছাত্র আন্দোলনকারীরা 'দাবি পূরণ না হওয়া পর্যন্ত জুলাই মাস গণনার করার কথা জানান। তারা ১ আগস্টকে ৩২ জুলাই হিসেবে গণ্য করতে থাকেন। ৫ আগস্ট (৩৬ জুলাই) শেখ হাসিনা পদত্যাগের মাধ্যমে আন্দোলনের সফলতাকে আন্দোলনকারীরা 'দ্বিতীয় স্বাধীনতা' এবং এ দিনটিকে '৩৬ জুলাই' হিসেবে অভিহিত করে।




**৫ সেপ্টেম্বর**

স্বৈরাচার শেখ হাসিনা সরকার পতনের এক মাস পূর্তি উপলক্ষ্যে এবং বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের শহিদদের স্মরণে অনুষ্ঠিত পদযাত্রা। এই পদযাত্রায় বারবার ওঠে মুক্তির স্লোগান ও মুক্ত বাংলাদেশের স্লোগান।

# জুলাই অভ্যুত্থান ও অভ্যুত্থান পরবর্তী আলোচিত শব্দমালা

## গণহত্যা



গণহত্যার ইংরেজি প্রতিশব্দ Genocide শব্দটি দ্বারা একটি গোষ্ঠীর জনগণের সর্বনাশ কিংবা তাদের অস্তিত্বকে সম্পূর্ণ নিশ্চিহ্ন করতে ব্যাপক হত্যাকাণ্ডকে বোঝায়। 'গণহত্যা' শব্দটির প্রবর্তক পোলিশ ইহুদি আইনজীবি *রাফায়েল লেমকিন*। লেমকিনের দীর্ঘদিনের প্রচেষ্টায় ১৯৪৬ সালে জাতিসংঘে গণহত্যা নিষিদ্ধ করে একটি রেজ্যুলেশন পাশ হয়। পরবর্তীতে ১৯৪৮ সালে জাতিসংঘ কনভেনশনে গণহত্যাকে একটি আন্তর্জাতিক অপরাধ হিসেবে স্বীকৃতি দেওয়া হয়।

### জাতিসংঘের 'গণহত্যা কনভেনশন'



*রাফায়েল লেমকিন*

- **দাপ্তরিক নাম-** Convention on the Prevention and Punishment of the Crime of Genocide (CPPCG).
- **স্বাক্ষরিত হয়-** ৯ ডিসেম্বর, ১৯৪৮ (জাতিসংঘ সাধারণ পরিষদের তৃতীয় অধিবেশনে)।
- **স্থান-** প্যারিস, ফ্রান্স।
- **কার্যকর হয়-** ১২ জানুয়ারি, ১৯৫১।
- **বিশেষত্ব-** এটি জাতিসংঘের সর্বসম্মতিক্রমে গৃহীত প্রথম মানবাধিকার চুক্তি।


## মব জাস্টিস



মব (Mob) অর্থ *উত্তেজিত জনতা বা উচ্ছৃঙ্খল জনতা*। অন্যদিকে জাস্টিস (Justice) অর্থ *বিচার বা ন্যায়বিচার*। 'মব জাস্টিস' (Mob Justice) অর্থ *উত্তাল জনতা বা উচ্ছৃঙ্খল জনতার বিচার*। সাধারণভাবে উত্তেজিত জনতা যখন আইন বা আইনি প্রক্রিয়ার বাইরে গিয়ে অর্থাৎ আইন-শৃঙ্খলা বাহিনী বা বিচার বিভাগের হস্তক্ষেপ ছাড়াই কোনো বিচার নিজ হাতে তুলে নেন, তাই মব জাস্টিস। এ ধরনের ঘটনায় যদি কেউ মারা যায় তাকে লিঞ্চিং (Lynching) বলে। অর্থাৎ বিচার বহির্ভূত হত্যা।

## জেন জি

Generation Z এর সংক্ষিপ্ত রূপ Gen Z (জেন জি)। যাদের জন্ম *১৯৯৭ থেকে ২০১২* সালের মধ্যে তারা এ প্রজন্মের অন্তর্ভুক্ত। অর্থাৎ এ প্রজন্মের বর্তমান বয়স *১২-২৭ বছর*। Gen Z এর আরেক নাম 'জুমার্স'।



১৯০১ - ২০২৪ সাল পর্যন্ত ৭টি জেনারেশন

| জেনারেশন | সময়কাল |
|---|---|
| গ্রেটেস্ট জেনারেশন | ১৯০১-১৯২৭ |
| সাইলেন্ট জেনারেশন | ১৯২৮-১৯৪৫ |
| বেবি বুমার্স জেনারেশন | ১৯৪৬-১৯৬৪ |
| জেনারেশন এক্স | ১৯৬৫-১৯৮০ |
| জেনারেশন ওয়াই | ১৯৮১-১৯৯৬ |
| জেনারেশন জেড | ১৯৯৭-২০১২ |
| জেনারেশন আলফা | ২০১২-২০২৪ |

## দ্য আর্ট অব ট্রায়াম্ফ

দ্য আর্ট অব ট্রায়াম্ফ (The Art of Triumph) হলো বাংলাদেশে জুলাই-আগস্টে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন চলাকালে এবং পরে রাজধানী ঢাকার দেয়ালে শিক্ষার্থীদের আঁকা বর্ণিল ও বৈচিত্র্যময় গ্রাফিতি চিত্র-সংবলিত আর্টবুক।






'দ্য আর্ট অব ট্রায়াম্ফ' সংকলনটি উপহার হিসেবে মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন ও কানাডার প্রধানমন্ত্রী জাস্টিন ট্রুডোকে উপহার হিসেবে তুলে দেন ড. মুহাম্মদ ইউনূস।

## ডিজিটাল ক্র্যাকডাউন

ইন্টারনেট বন্ধ করে বা সামাজিক যোগাযোগ মাধ্যম বন্ধ করে দিয়ে ব্যক্তি বা গোষ্ঠীর কণ্ঠস্বর, আচরণ, কার্যক্রম ইত্যাদি সীমাবদ্ধ করতে গৃহীত কঠোর পদক্ষেপকে ডিজিটাল ক্র্যাকডাউন (Digital Crackdown) বলে।




## রেডজুলাই ডট লাইভ



রেডজুলাই ডট লাইভ (redjuly.live) হলো জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থীদের উদ্যোগে ছাত্র-জনতার আন্দোলনে নিহত, আহত ও নিখোঁজ বা গুম ব্যক্তিদের তথ্য সংগ্রহের জন্য খোলা ওয়েব পোর্টালের নাম। ওয়েব পোর্টালটি তৈরিতে কাজ করেছেন অধ্যাপক আবু সাঈদ মো. মোস্তাফিজুর রহমান, বিশ্ববিদ্যালয়টির সাবেক শিক্ষার্থী মাসুদ আলম ও বর্তমান শিক্ষার্থী মাহমুদুল হাসান।

## ফ্যাসিবাদ

ফ্যাসিবাদ (Fascism) আন্দোলনের মধ্য দিয়ে ইউরোপে উগ্র-ডানপন্থী জাতীয়তাবাদের আবির্ভাব ঘটে। কর্তৃত্বময় শাসন ক্ষমতাই ছিল 'ফ্যাসিবাদ' এর মূলমন্ত্র। 'ফ্যাসিজম' বা 'ফ্যাসিবাদ' ধারণাটির উৎপত্তি হয় প্রথম বিশ্বযুদ্ধের পরে ইতালিতে। এরপর এই মতবাদ ছড়িয়ে পড়ে জার্মানি এবং ইউরোপের আরো নানা দেশে। জার্মানিতে হিটলারের নেতৃত্বে নাৎসিবাদ (Nazism) এর উত্থান হয়। যা ছিল 'ফ্যাসিবাদ' এর একটি রূপ। ইতালির বেনিতো মুসোলিনি ছিলেন ইউরোপের প্রথম ফ্যাসিস্ট (Fascist) নেতা। মুসোলিনিকে ফ্যাসিবাদের (Fascism) জনকও বলা হয়।



'ফ্যাসিবাদ' উত্থানের মধ্য দিয়ে ইউরোপে হিটলার ও মুসোলিনির মতো নেতার উদ্ভব হয়।

## জুলাই শহীদ স্মৃতি ফাউন্ডেশন

- **গঠিত হয়-** ১০ সেপ্টেম্বর, ২০২৪।
- **সভাপতি-** ড. মুহাম্মদ ইউনূস।
- **সাধারণ সম্পাদক-** মীর মাহবুবুর রহমান স্নিগ্ধ।
- অন্তবর্তীকালীন সরকারের প্রধান উপদেষ্টার ত্রাণ ও কল্যাণ তহবিল থেকে জুলাই শহীদ স্মৃতি ফাউন্ডেশনে দেওয়া হয়- ১০০ কোটি টাকা।
- বৈষম্যবিরোধী আন্দোলনে শহীদদের প্রত্যেক পরিবার প্রাথমিকভাবে ৫ লাখ টাকা এবং আহত প্রত্যেককে সর্বোচ্চ এক লাখ টাকা করে দেওয়া হবে।



প্রধান উপদেষ্টার পক্ষ থেকে 'জুলাই শহীদ স্মৃতি ফাউন্ডেশনে' ১০০ কোটি টাকার অনুদান গ্রহণ করছেন ফাউন্ডেশনের সাধারণ সম্পাদক মীর মাহবুবুর রহমান স্নিগ্ধ।


## 'সাম্প্রতিক ক্যাপসুল–১' এর উপর মেগা কুইজ ও মেগা পুরস্কার

কুইজটিতে অংশ নিতে নিচের দেয়া ৬টি প্রশ্নের উত্তর হাতে লিখে ছবি তুলে আমাদের ফেসবুক গ্রুপের (জোবায়ের'স GK - Educational Group) ফিচার পোস্টের কমেন্ট বক্সে আপলোড করতে হবে। সর্বোচ্চ সঠিক উত্তরদাতাদের মধ্যে 'লটারি' করে ১০ জনকে পুরস্কৃত করা হবে।

**পুরস্কার হিসেবে থাকছে.............**

- **১ম পুরস্কার-** ২ জনকে ১০০০ টাকা
- **২য় পুরস্কার-** ৩ জনকে ৫০০ টাকা
- **৩য় পুরস্কার-** ৫ জনকে ৩০০ টাকা

ফেসবুক গ্রুপের ফিচার পোস্ট




**নাম**.............................................. **জেলা**..........................

**কলেজ/মাদ্রাসার নাম**.......................................................

১. ঢাকা বিশ্ববিদ্যালয়ের নীতিবাক্য কী?
**উত্তর:**

২. একমাত্র সংস্থা হিসেবে ৩টি নোবেল পুরস্কার লাভ করে-
**উত্তর:**

৩. স্বাধীন বাংলাদেশকে স্বীকৃতি দেয়া প্রথম সমাজতান্ত্রিক দেশ কোনটি?
**উত্তর:**

৪. দেশে বাঘ গণনার বর্তমান পদ্ধতির নাম কী?
**উত্তর:**

৫. জাতিসংঘের কোন অঙ্গসংস্থার প্রধান কাজ উপনিবেশের অধীন থাকা দেশগুলোকে স্বাধীন করা?
**উত্তর:**

৬. গতবছর ঢাকা বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষায় খ ইউনিটে "জোবায়ের'স GK" ও "সাম্প্রতিক ক্যাপসুল" থেকে মোট কতটি প্রশ্ন কমন পড়েছিল?
**উত্তর:**

**উল্লেখ্য:** বিজয়ীদের নাম 'সাম্প্রতিক ক্যাপসুল-২' ও আমাদের ফেসবুক গ্রুপে পোস্ট করা হবে। বিজয়ীদেরকেবিকাশ/নগদে পুরস্কার দেওয়া হবে।

CamScanner

# সরকার প্রধান হিসেবে ড. ইউনূসের যুক্তরাষ্ট্রে প্রথম বিদেশ সফর ও জাতিসংঘ সাধারণ পরিষদের ৭৯তম অধিবেশন

## সাধারণ পরিষদের ৭৯তম অধিবেশন




*অধিবেশনের সভাপতি ছিলেন ফিলেমন ইয়াং।*

- **অনুষ্ঠিত হয়-** যুক্তরাষ্ট্রের নিউইয়র্কের ম্যানহাটনে (জাতিসংঘের সদর দপ্তরে)।
- **সময়কাল-** ১০ সেপ্টেম্বর-২৪ সেপ্টেম্বর, ২০২৪।
- **অধিবেশনের স্লোগান-** 'শান্তি, টেকসই উন্নয়ন এবং সর্বত্র সকলের জন্য মানব মর্যাদার স্বার্থে বৈচিত্র্যের মধ্যে ঐক্য'।
- **জাতিসংঘের পূর্ণ সদস্য না হয়েও এবারের অধিবেশনে আসন পেয়েছে-** ফিলিস্তিন (অর্থাৎ এত দিন জাতিসংঘে নিযুক্ত ফিলিস্তিনের প্রতিনিধিরা সাধারণ পরিষদের সদস্যদেশগুলোর সারিতে বসতে পারতেন না। এখন থেকে সাধারণ পরিষদে অন্য সব সদস্যদেশের মতো প্রস্তাব ও সংশোধনী তুলতে পারবেন ফিলিস্তিনের প্রতিনিধিরা)।
- **২২ সেপ্টেম্বর, ২০২৪ জাতিসংঘের সাধারণ পরিষদে ভবিষ্যতের জন্য অনুমোদিত চুক্তি-** Pact for the Future.

## জাতিসংঘে বাংলাদেশের ৫০ বছর

- **সদস্যপদ লাভ করে-** ১৭ সেপ্টেম্বর, ১৯৭৪ সালে।
- **বাংলাদেশ সদস্যপদ লাভের জন্য আবেদন করে-** ১৯৭২ সালে।
- **পর্যবেক্ষক রাষ্ট্র হিসেবে ছিল-** ২ বছর।
- **যে অধিবেশনে সদস্য পদ লাভ করে-** ২৯ তম অধিবেশনে।
- **বাংলাদেশ-** ১৩৬ তম সদস্য।
- **বাংলাদেশের সাথে যে ২টি দেশ সদস্যপদ লাভ করে-** গ্রানাডা ও গিনি বিসাউ।
- **প্রথম স্থায়ী প্রতিনিধি ছিলেন-** এস. এ. করিম।
- **প্রথম নারী স্থায়ী প্রতিনিধি ছিলেন-** ইসমত জাহান।
- **জাতিসংঘ মহাসচিবের সহকারি আন্ডার সেক্রেটারি জেনারেল-** আমিরাহ হক (১ম বাংলাদেশী নারী)।
- **বাংলাদেশের পক্ষে সাধারণ পরিষদে সভাপতিত্ব করেন-** হুমায়ুন রশীদ চৌধুরী (১৯৮৬-৮৭ মেয়াদে)।





১৭ সেপ্টেম্বর, ২০২৪ জাতিসংঘের সদস্য পদ লাভের ৫০ বছর পূর্তি হয় বাংলাদেশের।

## তিনটি গুরুত্বপূর্ণ বিষয়



**২৭ সেপ্টেম্বর, ২০২৪**

ড. ইউনূস বাংলাদেশের সরকার প্রধান হিসেবে সাধারণ পরিষদের অধিবেশনে প্রথমবারের মতো ভাষণ দেন।



**২৪ সেপ্টেম্বর, ২০২৪**

মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন ও অন্তর্বর্তীকালীন সরকারের প্রধান উপদেষ্টা ড. ইউনূসের বৈঠক অনুষ্ঠিত হয়।



**৪ অক্টোবর, ২০২৪**

অন্তর্বর্তীকালীন সরকারের অধীনে বাংলাদেশে প্রথম সফর করে মালয়েশিয়ার সরকার প্রধান।

# বাংলাদেশের অন্তর্বর্তীকালীন সরকার

- রাষ্ট্রপতি সংসদ বিলুপ্ত ঘোষণা করেন- ৬ আগস্ট, ২০২৪।
- অস্থায়ী সরকার গঠন করা হয়- ৮ আগস্ট, ২০২৪।
- প্রধান উপদেষ্টা- ড. মুহাম্মদ ইউনূস।
- ড. মুহাম্মদ ইউনূসসহ মোট উপদেষ্টা- ২১ জন (যার মধ্যে আন্দোলনকারী ২ জন সমন্বয়ক রয়েছেন)।
- বর্তমান রাষ্ট্র প্রধান- মোহাম্মদ সাহাবুদ্দিন।


## ২১ সদস্যের অন্তর্বর্তীকালীন সরকার

| উপদেষ্টা | মন্ত্রণালয়/বিভাগ |
|---|---|
| <br>প্রধান উপদেষ্টা<br>ড. মুহাম্মদ ইউনূস | • মন্ত্রিপরিষদ বিভাগ • প্রতিরক্ষা মন্ত্রণালয় • সশস্ত্র বাহিনী বিভাগ<br>• খাদ্য মন্ত্রণালয় • ভূমি মন্ত্রণালয় • বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়<br>• জনপ্রশাসন মন্ত্রণালয় • নৌ-পরিবহন মন্ত্রণালয় • মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়<br>• বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় |
| সালেহ উদ্দিন আহমেদ | • অর্থ মন্ত্রণালয় • বাণিজ্য মন্ত্রণালয় |
| ড. আসিফ নজরুল | • আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়<br>• প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়<br>• সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় |
| আদিলুর রহমান খান | • শিল্প মন্ত্রণালয় • গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় |
| হাসান আরিফ | • স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় |
| মো. তৌহিদ হোসেন | • পররাষ্ট্র মন্ত্রণালয় |
| সৈয়দা রিজওয়ানা হাসান | • পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় • পানি সম্পদ মন্ত্রণালয় |
| শারমীন এস মুরশিদ | • সমাজকল্যাণ মন্ত্রণালয় |
| বিধান রঞ্জন রায় | • প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় |
| ফারুক-ই-আজম | • দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় • মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় |
| জাহাঙ্গীর আলম চৌধুরী | • স্বরাষ্ট্র মন্ত্রণালয় এবং কৃষি মন্ত্রণালয় |
| সুপ্রদীপ চাকমা | • পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় |
| ড. আ. ফ. ম. খালিদ হোসেন | • ধর্ম বিষয়ক মন্ত্রণালয় |
| ফরিদা আখতার | • মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় |
| নূরজাহান বেগম | • স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় |
| মো. নাহিদ ইসলাম | • ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয় • তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় |
| আসিফ মাহমুদ সজীব ভুঁইয়া | • যুব ও ক্রীড়া মন্ত্রণালয় • শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় |
| ড. এম সাখাওয়াত হোসেন | • বস্ত্র ও পাট মন্ত্রণালয় |
| মুহাম্মদ ফাওজুল কবির খান | • বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়<br>• সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় • রেলপথ মন্ত্রণালয় |
| ওয়াহিদ উদ্দিন মাহমুদ | • শিক্ষা মন্ত্রণালয় • পরিকল্পনা মন্ত্রণালয় |
| আলী ইমাম মজুমদার | • প্রধান উপদেষ্টার কার্যালয়ে সংযুক্ত |

CamScanner

# প্রফেসর ড. মুহাম্মদ ইউনূস

- **পরিচয়-** অর্থনীতিবিদ, সামাজিক উদ্যোক্তা, সমাজসেবক, বাংলাদেশের একমাত্র নোবেল পুরস্কার বিজয়ী ও বর্তমান বাংলাদেশের অন্তর্বর্তীকালীন সরকারের প্রধান উপদেষ্টা।
- **জন্ম-** ২৮ জুন, ১৯৪০ (হাটহাজারী, চট্টগ্রাম)।
- **ছাত্র ছিলেন-** অর্থনীতি বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।
- চট্টগ্রাম কলেজের অর্থনীতির প্রভাষক ছিলেন।
- চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে অর্থনীতি বিভাগের প্রধান ছিলেন।
- স্কটল্যান্ডের গ্লাসগো ক্যালেডোনিয়া বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর ছিলেন।
- মালয়েশিয়ার আলবুখারি আন্তর্জাতিক বিশ্ববিদ্যালয়ের প্রথম চ্যান্সেলর ছিলেন।
- **সামাজিক ব্যবসা ধারণাটির প্রবক্তা-** ড. মুহাম্মদ ইউনূস।
- **ক্ষুদ্র ঋণের প্রবর্তক-** ড. মুহাম্মদ ইউনূস।



*ড. মুহাম্মদ ইউনূসের জন্মদিন ২৮ জুনকে কেন্দ্র করে বৈশ্বিকভাবে 'সামাজিক ব্যবসা দিবস' পালন করা হয়।*

- **যে দুটি দেশের মাধ্যমিক বিদ্যালয়ের পাঠ্যপুস্তকে তার জীবনী অন্তর্ভুক্ত করা হয়েছে-** জাপান ও কানাডা।
- **দক্ষিণ এশিয়ায় ড. ইউনূস শান্তিতে যততম নোবেল বিজয়ী-** দ্বিতীয়।
- **যুক্তরাষ্ট্রের কংগ্রেশনাল গোল্ড মেডেল লাভকারী প্রথম বাংলাদেশি-** ড. মুহাম্মদ ইউনূস।
- **মুক্তিযুদ্ধে অবদান-** বাংলাদেশের মুক্তিযুদ্ধের সময় তিনি একটি নাগরিক কমিটি প্রতিষ্ঠা করেন এবং অন্যান্য বাংলাদেশিদের সাথে যুক্তরাষ্ট্রে মুক্তিযুদ্ধের জন্য সমর্থন সংগ্রহ করতে 'বাংলাদেশ ইনফরমেশন সেন্টার' পরিচালনা করেন।
- **'বাংলাদেশ নিউজলেটার' প্রকাশ করতেন-** মুক্তিযুদ্ধকালীন তাঁর যুক্তরাষ্ট্রের বাড়ি থেকে।
- **বিশ্বের সবচেয়ে প্রভাবশালী ৫০০ মুসলিম ব্যক্তিত্বের তালিকায় স্থানপ্রাপ্ত বাংলাদেশি-** ড. মুহাম্মদ ইউনূস।

## থ্রি জিরো তত্ত্ব

ড. মুহাম্মদ ইউনূস বিশ্বজুড়ে আলোচিত হন তাঁর বিখ্যাত থ্রি জিরো তত্ত্বের জন্য। থ্রি জিরো তত্ত্বের মূলকথা; দারিদ্র্য, বেকারত্ব ও কার্বন নিঃসরণ শূন্যে নামিয়ে আনা। ২০২৪ সালের অলিম্পিকের থিম ছিল তাঁর 'থ্রি জিরো তত্ত্ব'। এই তত্ত্ব নিয়ে লেখা তাঁর বই *A World of Three Zeros* এ পর্যন্ত ২২টি ভাষায় অনূদিত হয়েছে।







শূন্য দারিদ্র্য (Zero Poverty) — শূন্য বেকারত্ব (Zero Unemployment) — শূন্য নেট কার্বন নিঃসরণ (Zero Net Carbon Emission)

## ইউনূস সেন্টার

- **পরিচয়-** বাংলাদেশের সামাজিক ব্যবসা, দারিদ্র্য বিমোচন ও টেকসই উন্নয়ন সম্পর্কিত থিঙ্ক ট্যাঙ্ক।
- **প্রতিষ্ঠা-** ২০০৬ সালে।
- **অবস্থান-** মিরপুর, ঢাকা।
- **নির্বাহী পরিচালক-** লামিয়া মোর্শেদ।



*অন্তর্বর্তীকালীন সরকারের প্রধান উপদেষ্টার কার্যালয়ের টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) বিষয়ক মুখ্য সমন্বয়ক হিসেবে নিয়োগ পেয়েছেন লামিয়া মোরশেদ।*

CamScanner

## তাঁর উল্লেখযোগ্য গ্রন্থ

- সামাজিক ব্যবসা
- বালক পরিব্রাজকের দিনলিপি
- দারিদ্র্যমুক্ত বিশ্বের জন্য
- বাংলদেশের শিক্ষাব্যবস্থা
- গ্রামীণ ব্যাংক ও আমার জীবন



- A World of Three Zeros
- Building Social Business
- Banker to the Poor
- Muhammad (pbuh) An Exemplar of Love, Humility and Compassion
- Creating a World Without Poverty

## তাঁর প্রাপ্ত উল্লেখযোগ্য পুরস্কার

- রামোন ম্যাগসেসে পুরস্কার, ফিলিপাইন (১৯৮৪)
- স্বাধীনতা পুরস্কার, বাংলাদেশ (১৯৮৭)
- বিশ্ব খাদ্য পুরস্কার যুক্তরাষ্ট্র (১৯৯৪)
- নোবেল শান্তি পুরস্কার (২০০৬); গ্রামীণ ব্যাংক ও তিনি যৌথভাবে ক্ষুদ্রঋণ ধারণার জন্য
- মেডেল অব অনার, ব্রাজিল (২০০৭)
- প্রেসিডেন্সিয়াল মেডেল অব ফ্রিডম, যুক্তরাষ্ট্র (২০০৯)
- কংগ্রেসনাল গোল্ড মেডেল, যুক্তরাষ্ট্র (২০১০)
- অলিম্পিক লরেল পুরস্কার (২০২১); "ইউনূস স্পোর্টস হাবের" মাধ্যমে ক্রীড়া উন্নয়নের জন্য
- চ্যাম্পিয়ন অব গ্লোবাল চেঞ্জ (২০২১); জাতিসংঘ ফাউন্ডেশন কর্তৃক প্রদত্ত
- ইউনেস্কোর 'ট্রি অব পিস' পুরস্কার (২০২৪)


## গ্রামীণ ব্যাংক

- **পরিচয়-** একটি ক্ষুদ্রঋণ প্রদানকারী সংস্থা এবং সামাজিক উন্নয়ন ব্যাংক।
- **প্রতিষ্ঠাতা-** ড. মুহাম্মদ ইউনূস।
- **কার্যক্রম শুরু হয়-** ১৯৭৬ সালে (জোবরা গ্রামে)।
- **পূর্ণাঙ্গ ব্যাংক হিসেবে প্রতিষ্ঠা-** ২ অক্টোবর, ১৯৮৩।
- **গ্রামীণ ব্যাংক মূলত-** ভূমিহীন এবং দরিদ্র নারীদের পাঁচ জনের ক্ষুদ্র ক্ষুদ্র দল গঠনের মাধ্যমে ক্ষুদ্রঋণ প্রদান করে এবং এ ঋণের মাধ্যমে তাদের কর্মসংস্থানের সৃষ্টি করে।
- **কর্মসূচি-** ক্ষুদ্রঋণ, গৃহঋণ, মৎস্য খামার, সেচঋণ সহ অন্যান্য ব্যাংকিং ব্যবস্থা।
- **ঋণের টাকা ফেরত নিশ্চিত করতে ব্যবহার করেন-** 'সংহতি দল' পদ্ধতি।
- **গ্রামীণ ব্যাংক সবচেয়ে বেশি সাহায্য করে-** গ্রামের ভূমিহীন ও দরিদ্র জনসাধারণদের।
- **বাংলাদেশের যে প্রতিষ্ঠানটি মাইক্রোক্রেডিট সম্মেলনের অন্যতম উদ্যোক্তা-** গ্রামীণ ব্যাংক।
- **শান্তির জন্য নোবেল বিজয়ী ড. ইউনূস যে গ্রাম থেকে ক্ষুদ্র ঋণ কার্যক্রম শুরু করেন-** জোবরা।
- **গ্রামীণ ব্যাংকের ধারণা বাংলাদেশের বাইরে প্রথম যে দেশ চালু করে-** মালয়েশিয়া।
- **বিশ্বের যে দেশ গ্রামীণ ব্যাংকের আদলে সে দেশে ক্ষুদ্র ঋণ চালু করে-** জাপান।
- **নোবেল বিজয়ী প্রফেসর মুহাম্মদ ইউনূসের গ্রামের নাম-** বাথুয়া।

গ্রামীন ব্যাংক

CamScanner

**ঢাবি ও বিশেষত গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষার্থীদের বিশেষ সহায়িকা জোবায়ের'স সিরিজের সাধারণ জ্ঞান "মৌলিক GK"**




সারাদেশে পাওয়া যাচ্ছে...


এ বছর (২০২৩-২৪ সেশন) গুচ্ছ ভর্তি পরীক্ষায় ৩০টি প্রশ্নের **২৬টিই কমন পড়েছে** জোবায়ের'স সিরিজের— "মৌলিক GK" ও "জোবায়ের'স GK" বই থেকে। যা ভর্তি পরীক্ষার সাথে সাথে আমাদের ফেসবুক পেজ (Zubair's GK) থেকে একটি পোস্টের মাধ্যমে **চিত্রসহ প্রমাণ** দেখানো হয়েছে।

ফেসবুক পোস্টটি দেখতে QR কোডটি স্ক্যান করুন

SCAN ME

# প্যারিস অলিম্পিক ২০২৪ ও ড. ইউনূসের থ্রি জিরোস

- **আয়োজন-** ৩৩তম (গ্রীষ্মকালীন)।
- **আয়োজক-** আন্তর্জাতিক অলিম্পিক কমিটি (IOC)।
- **সময়কাল-** ২৬ জুলাই - ১১ আগস্ট, ২০২৪।
- **স্বাগতিক-** প্যারিস, ফ্রান্স।
- **মোট খেলা-** ৩২টি।
- **থিম-** সবার জন্য উন্মুক্ত গেমস।
- **মাসকট-** দ্য ফ্রিজ।



*প্যারিস অলিম্পিকের মাসকট 'দ্য ফ্রিজ' প্রকৃতপক্ষে ফ্রান্সের ঐতিহ্যবাহী লাল টুপি। যা ফরাসি বিপ্লবের সময় ফ্রান্সের মুক্তি ও স্বাধীনতার প্রতীক হিসেবে পরিচিতি পায়।*

## প্যারিস অলিম্পিকে উল্লেখযোগ্য অর্জন

- **ফুটবলে স্বর্ণপদক জয়ী দেশ-** স্পেন (পুরুষ), যুক্তরাষ্ট্র (নারী)।
- **টেনিস চ্যাম্পিয়ন (একক)-** নোভাক জোকোভিচ (পুরুষ), ঝেং কিনওয়েন (নারী)।
- **প্যারিস অলিম্পিকের সর্বকনিষ্ঠ খেলোয়াড়-** ঝেং হাওহাও (চীন)।
- **অলিম্পিকের ইতিহাসে প্রথম ক্রীড়াবিদ হিসেবে একই ব্যক্তিগত ইভেন্টে ৫টি স্বর্ণপদক জয় করেন-** মিজাইন লোপেজ (কিউবা)।

**পদক অর্জনে শীর্ষ ৩ দেশ**
১. যুক্তরাষ্ট্র
২. চীন
৩. জাপান

## প্যারিস অলিম্পিকে বাংলাদেশ

- **বাংলাদেশ থেকে অংশগ্রহণ নেয়া ক্রীড়াবিদ-** ৫ জন।
  - আর্চার- সাগর ইসলাম।
  - শুটার- রবিউল ইসলাম।
  - সাঁতারু- সামিউল ইসলাম ও সোনিয়া আক্তার।
  - দৌড়বিদ- ইমরানুর রহমান।



*বাংলাদেশি আর্চার সাগর ইসলাম।*

- **অংশ নেয়া ৫ জনের মধ্যে একমাত্র সরাসরি খেলার সুযোগ পান-** সাগর ইসলাম।
- **একক অলিম্পিকে বাংলাদেশ থেকে সর্বোচ্চ অংশ নেয়-** ৭ জন (রিও অলিম্পিক, ২০১৬)।

## প্যারিস অলিম্পিকে ড. ইউনূস

প্যারিস অলিম্পিক আয়োজনে 'তিন শূন্য'র বিষয়কে মূল ভূমিকায় রেখে সব পরিকল্পনা করা হয়। এই 'তিন শূন্য' হলো- শূন্য দারিদ্র্য, শূন্য বেকারত্ব ও শূন্য নিট কার্বন নিঃসরণ।






